



শ্রেণিঃ দ্বিতীয়

২য় পর্ব পরীক্ষা ২০২০

বিষয়ঃ বাংলা (নানা রঙের ফুল ফল)

লেকচার শীট - ৪

তারিখঃ ০৬/০৬/২০২০

- শিক্ষার্থীরা পাঠ্যবই এর অনুশীলনী- ২ (শূন্যস্থান পূরণ) পড়বে ও লিখবে।

১। ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করঃ

গন্ধ,	দানা,	গোলাপি,	কোষ,	ফুলের,	নানারঙের
-------	-------	---------	------	--------	----------

ক) কাঁঠালের রসভরা কোষ খেতে কী মজা।

খ) ডালিমের দানা টুকটুক লাল।

গ) আমাদের দেশ ফুলের দেশ, ফলের দেশ।

ঘ) বেলি, রজনীগন্ধা, কামিনী, গন্ধরাজের গন্ধ মন ভরিয়ে দেয়।

ঙ) জবা ও কলাবতী ফুল নানারঙের হয়।

চ) পাকা বাতাবি লেবুর ভিতরটা হালকা গোলাপি রঙের।

- শিক্ষার্থীরা পাঠ্যবই এর অনুশীলনী- ৪ (প্রশ্ন-উত্তর) পড়বে ও লিখবে।

২। প্রশ্ন-উত্তরঃ

ক) কী কী ফুল লাল রঙের হয়?

উত্তরঃ কৃষ্ণচূড়া, শিমুল, পলাশ ফুল লাল রঙের হয়।

খ) সুগন্ধি ফুল কী কী?

উত্তরঃ গোলাপ, বেলি, রজনীগন্ধা, দোলনচাঁপা, শিউলি, গাঁদা, টগর, হাসনাহেনা।

গ) কোন কোন ফুলে গন্ধ নেই?

উত্তরঃ কৃষ্ণচূড়া, শিমুল, পলাশ, কাশফুল, সূর্যমুখী, কদম, শাপলা, কলাবতী।

ঘ) কাঁচা থাকতে কোন কোন ফল সবুজ হয়?

উত্তরঃ আম, পেঁপে, পেয়ারা, বাঙ্গি কাঁচা থাকতে সবুজ হয়।

ঙ) কোন কোন ফলের ভেতরটা লাল রঙের?

উত্তরঃ ডালিম ও তরমুজের ভেতরটা লাল রঙের হয়।

শিক্ষক -

শাহরিন সুলতানা মৌলী